

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### **MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল**

বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। **বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।**

#### **প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

**Dhaka Mass Rapid Transit Development Project (Line-1)** মোট ১২টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-01 এর আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়নের জন্য গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৪.৫% ও বাস্তব অগ্রগতি ৯৯%।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-02 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ২১ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-03 এর দরপত্র গত ২৫ মার্চ ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। কোন প্রি-কোয়ালিফাইড বিডার দরপত্র দাখিল না করার প্রেক্ষিতে পুনঃদরপত্র আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-04 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২১ জুলাই ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। আগামী ০৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন শুরু হবে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-05 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ১২ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-06 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। বর্তমানে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর দরপত্রসমূহ গত ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ২৮ মে ২০২৫ তারিখ দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনের উপর concurrence এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-08 এর গত ১৭ এপ্রিল ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং বর্তমানে দরপত্রসমূহের কারিগরি প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-09 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ২৯ জুলাই ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-10 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ৩০ জুন ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-11 এর দরপত্র গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-12 এর দরপত্র গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ২০ অক্টোবর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।